

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

পুনর্বাসন পরিকল্পনা কাঠামো

সিলেট-তামাবিল রাস্তা ৪ - লাইনে উন্নয়ন প্রকল্প

আগস্ট ২০১৯

সূচিপত্র

আদ্যক্ষর সমষ্টি.....	৪
অধ্যায় ১- ভূমিকা.....	৫
১.১ প্রকল্পের বর্ণনা.....	৫
১.২ প্রকল্পের উদ্দেশ্য.....	৫
দ্বিতীয় অধ্যায় - আইনী কাঠামো.....	৭
২.১ জাতীয় আইন.....	৭
২.২ এআইআইবি নীতিমালা.....	৮
২.৩ এআইআইবি এবং বাংলাদেশ সরকারের নীতিমালার ফারাক এবং প্রয়োজনীয় ব্যবস্থা.....	৯
অধ্যায় ৩ - জমি অধিগ্রহণ এবং পুনর্বাসন.....	১৫
৩.১ জমির ক্ষতি.....	১৫
৩.২ অবকাঠামোগত ক্ষতি.....	১৫
৩.৩ ফসল ও গাছের ক্ষতি.....	১৫
৩.৪ কমিউনিটি অবকাঠামো এবং সাংস্কৃতিক সম্পদ সমূহ.....	১৫
৩.৫ জেভার প্রভাব.....	১৬
৩.৬ পুনর্বাসন পরামর্শ.....	১৬
৩.৭ আয় এবং জীবনধারণের উপর প্রভাব.....	১৬
অধ্যায় ৪ - মালিকানার কাঠামো.....	১৭
৪.১ সামগ্রিক নীতি.....	১৭
৪.২ ক্ষতিপূরণ এবং অন্যান্য সহায়তার জন্য যোগ্যতা.....	১৭
৪.৩ ক্ষতিপূরণ ইউনিট হার নির্ধারণ নীতিমালা.....	১৮
৪.৪ পরামর্শ ও তথ্যপ্রচার.....	১৮
অধ্যায় ৫ মালিকানা স্বত্ব সূচক এবং প্রশমন ব্যবস্থা.....	১৯
৫.১ মালিকানা স্বত্ব, সহায়তা এবং উপকার.....	১৯
৫.২. আয় পুনরুদ্ধার এবং পুনর্বাসন.....	২২
৫.৩. কমিউনিটি সম্পদ এবং অবকাঠামো.....	২২
৫.৪. অসহায় পরিবারের জন্য বিশেষ ব্যবস্থা.....	২২
অধ্যায়-৬ : ক্ষতিপূরণ পদ্ধতি.....	২৩

৬.১ নিশ্চিতকরণ সমীক্ষা	২৩
৬.২ ক্ষতিপূরণের হিসাব	২৩
৬.৩ অসহায় পরিবারের জন্য বিশেষ ব্যবস্থা	২৩
৬.৪ অসম জেভার প্রভাব নিরূপণ	২৩
অধ্যায় ৭ঃ আয় পুনরুদ্ধার এবং পুনর্বাসন	২৪
৭.১ আয় পুনরুদ্ধার কর্মসূচি, সকল ধরনের জীবিকা পুনরুদ্ধার করার একাধিক বিকল্প ব্যবস্থার অন্তর্ভুক্তি	২৪
৭.২ সামাজিক সুরক্ষা সরবরাহ করার পরিমাপক	২৪
৭.৩ অসহায়দের সহায়তা করার বিশেষ ব্যবস্থা	২৫
৭.৪ চিহ্নিত জেভার ইস্যু সমাধান করার ব্যবস্থা	২৫
অধ্যায়-৮ঃ পরামর্শ এবং অভিযোগ নিরসন প্রক্রিয়া	২৬
৮.১ অংশীদারদের (স্টেকহোল্ডার) পরামর্শ	২৬
৮.২ তথ্য প্রকাশ	২৭
৮.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএম)	২৭
৮.৪ আইটি ভিত্তিক অভিযোগ নিরসন প্রক্রিয়া	২৮
অধ্যায় ৯: নিরক্ষণ এবং প্রতিবেদন	২৯
৯.১. ভূমি অধিগ্রহণ ও উন্নয়নে অভ্যন্তরীণ পর্যবেক্ষণ	২৯
৯.২ জীবিকা পুনরুদ্ধার	২৯
৯.৩ বহিঃ পর্যবেক্ষণ	২৯
অধ্যায় ১০: প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা	৩১
অধ্যায়-১১ঃ সমন্বিত বাজেট এবং কার্যক্রমের সময়সূচি	৩৩

আদ্যক্ষর সমষ্টি

এআইআইবি	এশিয়ান অবকাঠামো বিনিয়োগ ব্যাংক
এপি	ক্ষতিগ্রস্ত ব্যক্তি
সিসিএল	আইনের আওতায় নগদ ক্ষতিপূরণ
সিআরও	প্রধান পুনর্বাসন কর্মকর্তা
ডিএমএস	বিস্তারিত পরিমাপ জরিপ
ইএমএ	বহি পর্যবেক্ষণ সংস্থা
ইপিজেড	ওপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল
ইএসএফ	পরিবেশগত এবং সামাজিক কাঠামো
ইএসআইএ	পরিবেশগত এবং সামাজিক প্রভাব মূল্যায়ন
ইএসএস	পরিবেশগত এবং সামাজিক মান
ইজেড	অর্থনৈতিক অঞ্চল
এফজিডি	ফোকাস গ্রুপ আলোচনা
জিওবি	বাংলাদেশ সরকার
জিবাস্তুচ্যুত ব্যক্তি	মোট দেশীয় পণ্য
জিআরসি	অভিযোগ নিরসন কমিটি
আইজিএ	আয় বর্ধন ক্রিয়াকলাপ
আএমটি	স্বতন্ত্র মনিটরিং দল
আইএনজিও	আন্তর্জাতিক বেসরকারী সংস্থা
জেভিসি	যৌথ যাচাই কমিটি
এলএমএস	জমি বাজার জরিপ
এমডিবি	বহু পার্শ্বিক উন্নয়ন ব্যাংক
এনজিও	বেসরকারী প্রতিষ্ঠান
এনআরএস	জাতীয় পুনর্বাসনের পরামর্শদাতা
পিএপি	প্রকল্প প্রভাবিত ব্যক্তি
পিডি	প্রকল্প পরিচালক
পিবাস্তুচ্যুত ব্যক্তি	প্রকল্প বাস্তুচ্যুত ব্যক্তি
পিআইএ	প্রকল্প বাস্তুবায়ন সংস্থা
পিআইইউ	প্রকল্প বাস্তুবায়ন ইউনিট
পিএভিসি	সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি
পিডব্লিউডি	গণপূর্ত বিভাগ
আরএপি	পুনর্বাসন কর্মপরিকল্পনা
আরভি	প্রতিস্থাপনের মূল্য
আরওডব্লিউ	রাস্তার দিক সীমানা
সওজ	সড়ক ও জনপথ বিভাগ
এসইজেড	বিশেষ অর্থনৈতিক অঞ্চল
এসএমভিটি	ধীরে চলমান যানবাহন ট্রাফিক
এসআরজি	কাঠামো পুনর্গঠন অনুদান
এসটিজি	কাঠামো স্থানান্তর অনুদান

পুনর্বাসন পরিকল্পনা কাঠামো

অধ্যায় ১-ভূমিকা

১.১ প্রকল্পের বর্ণনা

বিদ্যমান সিলেট-তামাবিল সড়কটির দুইদিকে ধীরগতিশীল যান (এসএমভিটি) চলাচল লেনের ব্যবস্থাসহ ৪-লেন সড়কে উন্নীত করা হবে যা এশিয়ান হাইওয়ে (এএইচ-১ এবং এএইচ-২), বিমসটেক করিডোর (করিডোর-৩) এবং সার্ক হাইওয়ে করিডোরের (এসএইচসি-৫) একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে কাজ করবে। যার ফলে যাত্রী ও পণ্য পরিবহনে দ্রুততা ও নিরাপত্তা বৃদ্ধি পাবে।

তামাবিল সীমান্ত অতিক্রম করে ভারতের সাথে যোগাযোগের ফলে এই অঞ্চলে উল্লেখযোগ্য পরিমাণে যানবাহন চলাচল বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এই প্রকল্পের সড়ক করিডোরের মধ্যে যারা বসবাস এবং কাজ করেন তাদের মধ্যে এ বর্ধিত যানবাহনের ইতিবাচক অর্থনৈতিক প্রভাব পড়বে।

পূর্ব ভারত ও ঢাকার মধ্যে বাণিজ্যিক এবং আন্তঃসীমান্ত যোগাযোগে সড়ক করিডোরের বর্ধিত ব্যবহারের মাধ্যমে আরও অর্থনৈতিক সুবিধা আশা করা যেতে পারে।

আমরা সকলেই জানি, সিলেট বাংলাদেশের চা শিল্পের কেন্দ্রস্থলে অবস্থিত। সিলেটে বর্তমানে নির্মাণ শিল্প ও দ্রুতবৃদ্ধি পাচ্ছে। তেল ও গ্যাস খাতের কেন্দ্রের পাশাপাশি দেশের বৃহত্তম প্রাকৃতিক গ্যাসের মজুদ এখানে রয়েছে।

বাংলাদেশ সরকার সিলেট বিভাগে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) প্রতিষ্ঠা করেছে। এই সড়কটির উন্নয়নের মাধ্যমে রাজধানী ঢাকা এবং বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের সাথে তামাবিলের মাধ্যমে পূর্ব ভারতকে সংযুক্ত করবে।

গুরুত্ব বিবেচনা করে, সীমিত সামর্থ্যে প্রস্তাবিত ২-লেনের সড়কটি এই উপ-আঞ্চলিক অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক যোগাযোগ, যেখানে ধীর গতিশীল যানবাহন চলাচলের লেনের ব্যবস্থা নেই, ফলে অনিরাপদ এই সড়কে বিভিন্ন স্থানে ঘন ঘন যানজট সৃষ্টি হয়। রাস্তাটির বেশীর ভাগই চলাচলের জন্য নিম্নমানের এবং সিলেট থেকে তামাবিলের মধ্যে রাস্তাটির উল্লেখযোগ্যভাবে অবনতি হয়েছে। ফলস্বরূপ, বিদ্যমান এই দ্বি-লেন মহাসড়কের ভবিষ্যৎ ট্র্যাফিক প্রবাহ পূরণ করার সক্ষমতা সীমাবদ্ধ হবে। এই রাস্তাটি ৪-লেনের মহাসড়কে সম্প্রসারণ করার ফলে গুরুত্বপূর্ণ এই সড়কের সক্ষমতা, গতিশীলতা এবং সুরক্ষা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে।

১.২ প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের দ্বারা সম্ভাব্য সুবিধাগুলো নিম্নে উল্লেখ করা যেতে পারে-

- ঢাকা-সিলেট-তামাবিল করিডোরের মাধ্যমে উপ-আঞ্চলিক যোগাযোগ স্থাপন;
- স্থলবন্দর, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এবং অর্থনৈতিক অঞ্চল সমূহে (ইজেড) সহজে যোগাযোগ
- এই অঞ্চলের ইপিজেড এবং ইজেড-এ নতুন বিনিয়োগ বৃদ্ধি ইত্যাদি;
- অর্থনৈতিক প্রবৃদ্ধি;
- নতুন পর্যটন অঞ্চল উন্নয়নের জন্য উন্মুক্ত সুযোগ;
- উন্নত স্বাস্থ্যসেবা এবং শিক্ষা প্রতিষ্ঠানের সুবিধা;
- কর্মসংস্থান সৃষ্টি।

প্রকল্পটির কিছু প্রত্যাশিত আর্থ-সামাজিক সুবিধা রয়েছে। যথা:

- পর্যটনের উন্নয়ন;
- জিডিপি বৃদ্ধিতে অবদান;
- শিল্পের উন্নয়ন;
- অঞ্চল গুলোতে নতুন বিনিয়োগ বৃদ্ধি;
- বিশাল কর্মসংস্থান সৃষ্টি;
- জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি;
- মানুষের গতিশীলতা বৃদ্ধি, যা জাতীয় অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলে।

দ্বিতীয় অধ্যায় - আইনী কাঠামো

২.১ জাতীয় আইন

বাংলাদেশে সম্পত্তির ক্ষতি পূরণের জন্য মূলনীতিগুলো সংবিধানের ৪২ ও ৪৭ অনুচ্ছেদ দ্বারা স্বীকৃত। বাংলাদেশে জমি অধিগ্রহণে পরিচালিত বর্তমান আইন হল স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল (এআরআইপিএ) আইন, ২০১৭। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল (এআরআইপিএ) আইন, ২০১৭, (যাহা, আইন ২০১৭) স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল (এআরআইপিএ) অধ্যাদেশ ১৯৮২ (এর পরবর্তী সংশোধনসমূহ ১৯৯৪) বাতিল করে এবং বর্তমানে এটি বাংলাদেশে জমি অধিগ্রহণ ও হুকুম দখলে আইনী সহায়তা হিসাবে ব্যবহৃত হয়। আইন ২০১৭ এর আওতায় প্রয়োজনীয় যে সকল ক্ষতিপূরণ প্রদান করা হয় (১) স্থায়ীভাবে জমি এবং সম্পদ অধিগ্রহণের জন্য (স্থায়ীফসল, গাছ, ঘর সহ); এবং (২) এই অধিগ্রহণের ফলে অন্য কোন ক্ষয়ক্ষতি। আইন ২০১৭, মালিকদের জন্য নির্দিষ্ট সুরক্ষা নিশ্চিত করে এবং এ আইনে সম্পত্তি অধিগ্রহণের জন্য "ন্যায্য মূল্য" পরিশোধের জন্য বিধান রয়েছে। আইন ২০১৭ এর ধারা ৪ এর অধীনে নোটিশের ১৫ (পনের) দিনের মধ্যে জমির মালিক, জমি অধিগ্রহণের বিরুদ্ধে আবেদন করতে পারবেন। আইন ২০১৭ তে প্রকল্প-প্রভাবিত ব্যক্তিদের আইনী মালিকানা রেকর্ড ছাড়া যেমন: অবৈধ বসবাসকারী, দখলদার, অনানুষ্ঠানিক ভাড়াটে এবং ইজারাধারীদের (দলিলছাড়াই) স্বীকার করে না এবং অধিগ্রহণকৃত সম্পত্তির মূল্য পরিশোধ করে না। মালিকানাভূমিহীন ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জীবন-জীবিকা পুনঃস্থাপনের জন্য, পুনর্বাসনের সহায়তা এবং স্থানান্তর ভাতারও কোন বিধান এই আইনে নেই।

জেলা প্রশাসক প্রদত্ত অধিগ্রহণের বিজ্ঞপ্তির তারিখে অধিগ্রহণকৃত সম্পদের "বাজার মূল্য" নির্ধারণ হয় (আইন ২০১৭ এর ধারা ৪ এর অধীন)। এর পরে জেলা প্রশাসক সরকারী অধিগ্রহণের জন্য আইনের অধীনে নগদ ক্ষতিপূরণ (সিসিএল)-এর জন্য জমির মূল্যায়িত মূল্যের ২০০% প্রিমিয়াম/অতিরিক্ত যুক্ত করে। জমিটির জন্য প্রদত্ত সিসিএল সাধারণত "বাজারমূল্য" এর চেয়ে কম হয় কেননা মালিকেরা সাধারণত রেজিস্ট্রেশনের সময় কম শুল্ক দেওয়ার জন্য নিম্নমূল্যে রিপোর্ট করে। যদি অধিগ্রহণকৃত জমিতে আইনীভাবে লিখিত চুক্তির আওতায় বর্গা চাষী দ্বারা আবাদকৃত ফসল থাকে, তবে ক্ষতিপূরণের অর্থের কিছু অংশ চুক্তি অনুসারে বর্গা চাষীকে নগদে প্রদান করতে হবে। অবকাঠামো, ফসল এবং গাছের ক্ষতির জন্য ক্ষতিপূরণ হিসাবে প্রদানের জন্য নির্ধারিত মানের ১০০% প্রিমিয়াম জেলা প্রশাসক যুক্ত করেন।

যদি ক্ষতিপূরণের পরিমাণ সম্পর্কে কোন বিতর্ক থাকে তবে সালিশির জন্য বিকল্প যথাযথ পদ্ধতি রয়েছে। অপরিহার্য না হলে কোনও উদ্দেশ্যেই উপাসনালয়, কবরস্থান ও শ্মশানক্ষেত্র অধিগ্রহণের দরকার নেই। তবে অধিগ্রহণ অপরিহার্য হলে এটি প্রতিস্থাপন এবং পুনঃনির্মাণ তহবিল প্রকল্পে বরাদ্দ রাখতে হবে।

অন্যান্য প্রকল্প বাস্তবায়নের দ্বারা কিছু শিক্ষণীয় বিষয় এখানে অন্তর্ভুক্ত হবে; (১) সমস্ত বাস্তবায়িত ব্যক্তিদের সনাক্তকরণ এবং পরিচয় পত্র প্রদান; (২) শুমারির মাধ্যমে চূড়ান্ত তারিখ নির্ধারণ; (৩) স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত ক্ষতিপূরণ ফাইল এবং স্বত্বাধিকার পত্র প্রস্তুতকরণ; (৪) ক্ষতিপূরণ প্রদানের বিবরণী প্রস্তুতকরণ (৫) সম্পত্তির ক্ষতির জন্য ক্ষতিপূরণ; (৬) জমি এবং অন্যান্য সম্পদের প্রতিস্থাপন ব্যয় প্রদান; (৭) ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসন; (৮) দরিদ্র মহিলা এবং দুর্বল জনগোষ্ঠীর সহায়তার জন্য বিশেষ বিধান; (৯) আয় এবং জীবিকা পুনরুদ্ধারের প্রশিক্ষণ ও কর্মসূচি; (৮) স্থানীয় সম্প্রদায়ের জন্য প্রকল্পের সুবিধা; (৯) পুনর্বাসন বিভিন্ন সুবিধাগুলো, তদারকি ও মূল্যায়ন করার জন্য পরিচালন তথ্য ব্যবস্থা; এবং (১০) পুনর্বাসন কর্মপরিকল্পনা (আরএপি) বাস্তবায়নে এনজিওর অংশ গ্রহণ ইত্যাদি। যমুনা সেতু রেলওয়ে লিংক প্রকল্প, দক্ষিণ-পশ্চিম সড়ক নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চল জলসম্পদ পরিকল্পনা ও পরিচালন প্রকল্পসহ অন্যান্য এমডিবি-র অর্থায়িত প্রকল্প গুলোতেও অবিচ্ছিন্ন পুনর্বাসনের সফলভাবে সমাধান করা হয়েছে।

২.২ এআইআইবি নীতিমালা

পরিবেশ ও সামাজিক টেকসই সম্পর্কিত বিষয়গুলো মোকাবেলার লক্ষ্যে এআইআইবির "পরিবেশগত ও সামাজিক মানদণ্ড (ইএসএস)" আকারে একটি নীতি রয়েছে। এআইআইবি অবকাঠামোগত উন্নয়নে এবং এশিয়ার আন্তঃসংযোগ বর্ধনের জন্য তার আদেশের সাথে সামঞ্জস্য রেখে ফলাফল অর্জনে এটিকে মৌলিক দিক হিসাবে বিবেচনা করে। এই নীতিটির উদ্দেশ্য হল পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনাকে একীভূত করে, এমন একটি ব্যবস্থার মাধ্যমে এই উন্নয়নের ফলাফল অর্জন।

এআইআইবির তিনটি পরিবেশগত ও সামাজিক মানদণ্ড (ইএসএস) রয়েছে, যা নিম্নলিখিত বাধ্যতামূলক পরিবেশগত এবং সামাজিক প্রয়োজনীয়তা গুলো নির্ধারণ করে:

- ইএসএস ১: পরিবেশগত এবং সামাজিক মূল্যায়ন ও ব্যবস্থাপনা (ইএসএস ১);
- ইএসএস ২: অনৈচ্ছিক পুনর্বাসন (ইএসএস ২);
- ইএসএস ৩: আদিবাসী লোক (ইএসএস ৩)।

এআইআইবি কোন অনৈচ্ছিক পুনর্বাসনের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে এ নীতি অনুসরণ করে। প্রকল্পের হস্তক্ষেপের কারণে কোন অনৈচ্ছিক পুনর্বাসনের সম্ভাবনা আছে কিনা তা নির্ধারণ করতে এআইআইবি সাবধানতার সাথে প্রতিটি প্রকল্প স্ক্রিনিং করে। এর মধ্যে পরিবেশগত ও সামাজিক মানদণ্ড (ইএসএস) ২-এ সংজ্ঞায়িত শারীরিক এবং অর্থনৈতিক স্থানচ্যুতি উভয়ই রয়েছে যা এআইআইবির পরিবেশগত ও সামাজিক কাঠামোর আওতায় 'অনৈচ্ছিক পুনর্বাসন' (ফেব্রুয়ারী, ২০১৬; সংশোধিত ফেব্রুয়ারী, ২০১৯)।

ইএসএস ২ স্পষ্টভাবে স্বীকার করে যে, এমন কিছু ক্ষেত্র রয়েছে যেখানে অনৈচ্ছিক পুনর্বাসন এড়াতে কোনও বিকল্প খুঁজে পাওয়া যায়না। এই ক্ষেত্রে এআইআইবি ক্লায়েন্টের পুনর্বাসনের কার্যক্রমটি টেকসই উন্নয়ন কর্মসূচী হিসাবে পরিচালিত হয়েছে তা নিশ্চিত করবে। অনৈচ্ছিক পুনর্বাসনের মুখোমুখি সদস্যদের প্রকল্পের সুবিধাগুলো ভাগ করে নেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ক্লায়েন্টকে পর্যাপ্ত সংস্থান করতে হবে।

কোন অনৈচ্ছিক পুনর্বাসনের ক্ষেত্রে, প্রকল্পের প্রভাবগুলোর মাত্রা নির্ধারণ করার জন্য ক্লায়েন্টকে পুনর্বাসন পরিকল্পনা কাঠামো এবং/অথবা পুনর্বাসন কর্মপরিকল্পনা (আরএপি) প্রস্তুত করা প্রয়োজন। প্রভাব গুলোর মাত্রা যেমন (১) স্থানচ্যুত হওয়া, শারীরিক এবং অর্থনৈতিক উভয় দিক থেকে, এবং (২) প্রকল্প প্রভাবিত ব্যক্তি (পিএপি)গণের দুর্বলতার পরিমাণ দ্বারা নির্ধারিত হয়। প্রকল্পের সাথে সম্পর্কিত বিস্তৃত পরিবেশগত এবং সামাজিক প্রভাব মূল্যায়ন (ইএসআইএ) হয় এই আরএপি দ্বারা। সেই সাথে এই আরপিএফ-এর আরএপি-তে জীবিকা পুনরুদ্ধারের ব্যবস্থা করা হয়েছে যাতে, প্রকল্প ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (পিএপি) পুনর্বাসনের ফলে জীবনযাত্রার অবনতি বা আরও খারাপ অবস্থানে না যায় তা নিশ্চিত করা।

পরিবেশগত ও সামাজিক কাঠামো (২০১৯) অনুসারে, এখানে জমির আইনী মালিকের পাশাপাশি মালিকানাভূহীন জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ অথবা জমির আইনগত অধিকারবিহীন লোকদের ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য বলে এআইবি স্বীকৃতি দেয়। এই গ্রাহকরা যাতে পুনর্বাসন সহায়তা এবং সম্পত্তির ক্ষতিপূরণ পান তা ব্যাংকের ক্লায়েন্ট দ্বারা নিশ্চিত করা প্রয়োজন; প্রকল্পটির জন্য আরএপি-তে প্রতিষ্ঠিত চূড়ান্ত তারিখ অনুসারে এগুলো নিশ্চিত হবে। এছাড়া পুনর্বাসন প্রক্রিয়াতে এই লোকদের ক্লায়েন্ট অন্তর্ভুক্ত করবে।

২.৩ এআইআইবি এবং বাংলাদেশ সরকারের নীতিমালা ফারাক এবং প্রয়োজনীয় ব্যবস্থা

সরকারী আইন এবং এআইআইবির নীতিমালার মধ্যে ব্যবধান গুলোর একটি সংক্ষিপ্ত বিবরণ এবং শূন্যস্থান পূরণের প্রয়োজনীয় ব্যবস্থাগুলো নিম্নে উপস্থাপন করা হল:

- ২০১৭ আইনে সরকারী জমিতে অননুমোদিত দখলকারীদের স্বীকৃতি দেয় না এবং বাস্তবায়ন এড়ানো বা হ্রাস করার বিষয়ে কোনও সুস্পষ্ট ইঙ্গিত নেই। এআইআইবি নীতিমালায় প্রকল্পের বিকল্পগুলো অন্বেষণের মাধ্যমে দৃঢ়তার সাথে এড়ানো বা কমপক্ষে বিরূপ প্রভাব হ্রাসের প্রয়োজন।
- ২০১৭ আইন এর মাধ্যমে বিরূপ সামাজিক প্রভাবগুলো পুরোপুরি সমাধান করা সম্ভব নয় উদাহরণ স্বরূপ, পুনর্বাসনের জন্য ক্ষতিপূরণ এবং/বা পিএপি স্থানান্তরের জন্য পর্যাপ্ত ব্যবস্থা নিশ্চিত করার কোন বিধান নেই; অন্যদিকে, এআইআইবি নীতিগুলো, প্রকল্পের সুবিধা ও অবস্থানের ভিত্তিতে সামাজিক প্রভাব গুলো স্ক্রিন করে প্রাক-প্রকল্পের স্তরের তুলনায় প্রকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তির জীবন-জীবিকা বাড়াতে বা কমপক্ষে পুনরুদ্ধার করা প্রয়োজন। প্রকল্পের ধরণ ইত্যাদি আইনী ক্ষতিপূরণ ব্যতীত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জীবিকা নির্বাহের জন্য এই ২০১৭ আইনে পুনর্বাসন সহায়তার কোনও বিধান নেই।
- ২০১৭ আইনে প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন এবং প্রকল্প প্রভাবিত ব্যক্তিদের পর্যবেক্ষণে স্টেকহোল্ডারের আলোচনার বিধান নেই। এআইআইবি নীতি অনুযায়ী প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নের অংশীদারদের দৃষ্টিভঙ্গি এবং ইনপুটগুলো পাওয়ার জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অর্থপূর্ণ পরামর্শ প্রয়োজন।

২০১৭ আইনে জেলা প্রশাসক বরাবর সম্পত্তির স্বার্থ সংশ্লিষ্ট ক্ষতিপূরণ সম্পর্কিত সমস্যাগুলোর অভিযোগ সমাধানের একাধিক প্রক্রিয়া রয়েছে। তবে জীবিকার ক্ষতি, জনসাধারণের অবকাঠামোতে অ্যাক্সেস নষ্ট হওয়া, অধিগ্রহণ ও নির্মাণ সংক্রান্ত প্রভাবের কারণে সম্পত্তির ক্ষয়ক্ষতি থেকে শুরু করে পুনর্বাসনের সাথে সম্পর্কিত অন্যান্য অভিযোগ শোনার কোন ব্যবস্থা নেই। সওজ স্থানীয় পর্যায়ে অভিযোগের প্রতিকারে ব্যবস্থা গ্রহণ করবে যা সহজেই অনুধাবনযোগ্য এবং তাৎক্ষণিক প্রতিক্রিয়াশীল; যার মধ্যে জেলা প্রশাসকসহ বিভিন্ন স্টেকহোল্ডার রয়েছে।

পরিশেষে, এআইআইবি নীতিমালা অনুযায়ী পুনর্বাসন প্রক্রিয়াতে জেল্ডার সংক্রান্ত সমস্যা এবং দুর্বল গোষ্ঠী বিশেষত মালিকানাভূহীন এবং ক্ষতিগ্রস্ত দরিদ্র পরিবারগুলোতে বিশেষ মনোযোগ দেয়। ক্ষতিপূরণ, প্রতিস্থাপন ব্যয় (ক্ষতিগ্রস্ত সম্পদ এবং আয়ের জন্য) এবং পুনর্বাসন ও জীবিকার সহায়তার ক্ষেত্রে, আইনী অধিকারবিহীন পিএপি-দেরও বিবেচনায় নেওয়া হবে। আরএপি-তে সুনির্দিষ্ট ব্যবস্থা দ্বারা এসব নীতিগত দুর্বলতাগুলোর সমাধান করা হয়েছে, যেমন : পিএপিদের জীবনযাত্রার মান উন্নতি বা কমপক্ষে পুনরুদ্ধার করবে। দারিদ্র সীমার নীচে, ভূমিহীন, প্রবীণ, মহিলা ও শিশু, আদিবাসী এবং জমির মালিকানাভূহীন ব্যক্তিসহ দুর্বল গোষ্ঠীগুলোতে বিশেষ নজর দেওয়া হবে। সংক্ষেপে, এই প্রকল্পে যুক্ত হওয়া পদক্ষেপগুলো এআইআইবির-পরিবেশগত এবং সামাজিক মানদণ্ড-২ পুরোপুরি মেনে চলে। নিম্নলিখিত টেবিলে এআইআইবি নীতিমালার প্রয়োজনীয়তা মেনে চলার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হল।

টেবিল: পুনর্বাসন বিষয়ে বাংলাদেশ সরকারের আইন এবং এআইআইবি সুরক্ষানীতি গুলোর মধ্যে তুলনাঃ

ক্রমিক নং	এআইআইবি ইএসএস ২	স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল (এআরআইপিএ) আইন, ২০১৭	২০১৭ আইন এবং এআইআইবির ইএসএস ২ এর মাঝে অসামঞ্জস্যতা এবং তা নিরোসনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা
১	যেখানেই সম্ভব অনৈচ্ছিক পুনর্বাসন এড়ানো উচিত	আইনে সংজ্ঞায়িত হয়নি	২০১৭ আইন অনৈচ্ছিক পুনর্বাসন কমানোর ব্যবস্থা নিয়ে কাজ করে না। কিন্তু সরকার এই পদ্ধতিটিকে একটি বিশেষ অনুশীলন হিসাবে ব্যবহার করে।
২	প্রকল্প এবং ডিজাইনের বিকল্পগুলো অন্বেষণ করে অনৈচ্ছিক পুনর্বাসন হ্রাস	আইনটিতে এতটা স্পষ্টভাবে সংজ্ঞায়িত হয়নি। অধিগ্রহণ অপরিহার্য বলে গণ্য না করা হলে কোনও উদ্দেশ্যেই উপাসনা, কবরস্থান ও শাশানক্ষেত্র অধিগ্রহণের দরকার নেই।	আইন ২০১৭ এগুলো মোকাবেলা করে না এবং এআইআইবি ইএসএস ২ ও অনুসরণ করে না, কারণ আইন ২০১৭ এ ব্যক্তিগত সম্পত্তি বা সাধারণ সম্পদের উপর বিরূপ প্রভাব হ্রাস বা বিকল্প নকশা করার কোন বিধান নেই।
৩	বাস্তুচ্যুত ব্যক্তিদের আদমশুমারি ও পুনর্বাসন পরিকল্পনা গ্রহণ	২০১৭ আইনে বর্ণিত হয়েছে যে, জেলা প্রশাসকের কার্যালয়ে জমির জন্য অনুরোধ অনুমোদনের পরে, অধিগ্রহণকারী জমিতে প্রাপ্ত সম্পদ এবং সম্পত্তি গুলোর তালিকা করবে। ইনভেস্টরি ফর্মটিতে ব্যক্তির নাম, জমির পরিমাণ এবং গুণমান, ক্ষতিগ্রস্ত সম্পদ এবং বাড়ি নির্মাণে ব্যবহৃত উপকরণ থাকে। চূড়ান্ত তারিখ হল জমি অধিগ্রহণের সাপেক্ষে বিভক্ত প্রকাশের তারিখ এবং এরপর জমিতে কোন পরিবর্তন বা উন্নতি করলে তা ক্ষতিপূরণ হিসাবে বিবেচিত হবে না।	২০১৭ আইনে আদমশুমারি জরিপের প্রয়োজন হয় না। এটি কেবল বিদ্যমান ক্ষতির পরিমাণ প্রতিফলিত হয় এবং কেবলমাত্র মালিকদের নাম ইত্যাদি অন্তর্ভুক্ত করে। ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত, অসহায় ও আয় বঞ্চিত ব্যক্তিদের খানা জরিপের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ সমীক্ষা প্রতিবেদনের কথা এআইবি নীতিমালায় বলা আছে, যা ভূমি স্থানান্তর ব্যক্তিদের তালিকা প্রস্তুত করে। বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য জরিপের প্রয়োজনকে সংযুক্ত করে এই আরপিএফ শূন্যস্থান পূরণ করে।
৪	বাস্তুচ্যুত ব্যক্তিদের সাথে অর্থবহ পরামর্শ এবং পুনর্বাসন কর্মসূচির পরিকল্পনা, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণে তাদের	অধ্যাদেশের ৩ নং ধারায় বিধান করা হয়েছে যে যখনই জেলা প্রশাসক যে কোন সম্পদের প্রয়োজন বা জনস্বার্থে বা জনস্বার্থের প্রয়োজনে, তিনি	২০১৭ আইন, এআইআইবি ইএসএস ২ সরাসরি পূরণ করে না। অধ্যাদেশের এই ধারাটি তথ্য প্রকাশ/ জনসমর্থনের পরিপন্থী। এতে জনসভা ও প্রকল্প প্রকাশের কোন ব্যবস্থা নেই,

	অংশগ্রহণ নিশ্চিত করা।	নির্ধারিত জায়গায় সম্পত্তি বা তার নিকটে সুবিধাজনক স্থানে প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণের জন্য একটি নোটিশ প্রকাশ করবেন।	তাই জমি অধিগ্রহণের উদ্দেশ্য, এর প্রস্তাবিত ব্যবহার, বা ক্ষতিপূরণ, অধিকার, এবং বিশেষ সহায়তার ব্যবস্থা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করা হয় না। আরপিএফ এ যথাযথ পরামর্শ প্রক্রিয়া অন্তর্ভুক্ত, যার মধ্যে সমস্ত স্টেকহোল্ডার (বাস্তুচ্যুত ব্যক্তি, সরকারী বিভাগ/লাইন এজেন্সিগুলো, স্থানীয় জনগোষ্ঠী, এনজিও ইত্যাদি) জড়িত থাকে, এবং পরামর্শ প্রক্রিয়ায় প্রকল্পের সমস্ত পর্যায়ে ধারাবাহিকভাবে সম্ভাব্যতা অধ্যয়ন, বাস্তবায়ন এবং মনিটরিং পর্বসহ বাস্তবায়ন পরবর্তী পর্যন্ত প্রণয়ন হবে।
৫	অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া প্রতিষ্ঠা	৪ নং ধারা জমির মালিককে লিখিতভাবে আপত্তি জানাতে অনুমতি দেয়। নোটিশ প্রকাশের ১৫ দিনের মধ্যে জেলা প্রশাসকের নিকট আপত্তিপত্র জমা দেওয়া উচিত। এরপরে জেলা প্রশাসক অভিযোগগুলো শুনবেন এবং তদন্তকারীদের আপত্তি দাখিলের জন্য দেওয়া ১৫ দিনের মেয়াদ শেষ হওয়ার পরে ৩০ দিনের মধ্যে একটি প্রতিবেদন এবং কার্যনির্বাহী রেকর্ড তৈরি করবেন।	৪ ধারার বিধানটি এআইআইবিবির অভিযোগ এবং প্রতিকারের নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ। আরপিএফ- এর অভিযোগ প্রক্রিয়া সম্পর্কিত একটি বিশেষ বিধান রয়েছে, যার মধ্যে অভিযোগ নিরসন কমিটি গঠন, সালিস নিয়োগ এবং শুনানির নোটিশ প্রকাশ ও কার্যকারিতা অন্তর্ভুক্ত রয়েছে। এলএএন্ডআর সম্পর্কিত যে কোন অভিযোগ ক্ষতিগ্রস্তরা দাখিল করতে পারেন।
৬	বাস্তুচ্যুত ব্যক্তিদের জীবিকা নির্বাহ উন্নত বা কমপক্ষে সুরক্ষাকরণ।	২০১৭ আইন উপার্জন হ্রাস, জীবিকা নির্বাহ বা মালিকানা সত্ত্বহীন ব্যক্তিদের ক্ষতি সম্পর্কিত সমস্যাগুলোকে সম্বোধন করে না। এটি কেবল আইনী মালিকের জমি, অবকাঠামো, ফসল এবং গাছ ইত্যাদির ক্ষতির জন্য ক্ষতিপূরণ নিয়ে কাজ করে।	আইন ২০১৭ এআইআইবিই এসএস ২ মেনে চলে না, কারণ চাকরি ও ব্যবসায়ের ক্ষতি থেকে আয় ও জীবিকার উপর প্রভাবগুলো মূল্যায়ন করার জন্য বা হারানো আয় এবং জীবিকা নির্বাহের কোনও বিধান নেই। আরপিএফ একটি আদমশুমারি জরিপের বিধান রেখেছে যাতে আয় ও জীবিকার ক্ষতির তথ্য থাকবে এবং শারীরিক ও অর্থনৈতিকভাবে বাস্ত্বচ্যুত ব্যক্তিদের জন্য এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুসারে একই ক্ষতিপূরণ

			দেওয়া হবে।
৭	ভূমিভিত্তিক পুনর্বাসন কৌশল	আইন ২০১৭ এই সমস্যা গুলোকে সম্বোধন করে না।	আইন ২০১৭ এআইআইবিই এসএস ২ এর প্রয়োজনীয়তা পূরণ করেনা। আরপিএফ এ যদি সম্ভব হয় জমির পরিবর্তে জমির ক্ষতিপূরণটিকে অগ্রাধিকার হিসাবে প্রস্তাব করে। জনগোষ্ঠীর সম্মতি এবং জমির মূল্য অনুসন্ধান করে বিকল্প জমির সন্ধানের চেষ্টা করা হবে। তবে এই প্রকল্পটি বাংলাদেশের নগর উন্নয়ন প্রকল্প বিবেচনায় একটি কঠিন প্রস্তাব হতে পারে।
৮	সমস্ত ক্ষতিপূরণ প্রতিস্থাপন ব্যয়ের নীতির ভিত্তিতে হওয়া উচিত।	আইন ২০১৭ বলেছে যে জেলা প্রশাসক ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ করে: (১) অধিগ্রহণের ১ম নোটিশ প্রকাশের পূর্ববর্তী ১২ মাসের গড় বিক্রয় মূল্যের ভিত্তিতে সম্পত্তির প্রতিস্থাপন ব্যয়; (২) স্থায়ী ফসল এবং গাছের ক্ষতি; (৩) জমি দখলকারী ব্যক্তির অন্যান্য সম্পত্তি থেকে বিচ্ছিন্ন করে ক্ষতি; (৪) অন্যান্য সম্পত্তি, স্থাবর বা অস্থাবর, এবং / অথবা উপার্জনের উপর বিরূপ প্রভাব; এবং (৫) বাসস্থান বা ব্যবসার স্থান পরিবর্তনের ব্যয়। অধিগ্রহণযোগ্য সম্পত্তিটির প্রতিস্থাপন ব্যয়কেও জেলা প্রশাসক ৫০% অতিরিক্ত প্রদান করে।	আইন ২০১৭ এআইআইবিই এসএস ২ এর সাথে বেশিরভাগ ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ, তবে ক্ষতিগ্রস্ত জমিও সম্পদের মূল্য নির্ধারণের ক্ষেত্রে পার্থক্য রয়েছে। যেখানে এআইআইবিই প্রকল্প অঞ্চলে বর্তমান বাজারের দর ব্যবহারের প্রস্তাব দেয়। আইন ২০১৭ বাস্তবায়িত ব্যক্তিদের আয় প্রতিস্থাপন ব্যয় বা পুনরুদ্ধার নিশ্চিত করে না। আরপিএফ এই সমস্ত বিষয়গুলোকে সম্বোধন করে এবং জমির বর্তমান বাজার মূল্য এবং অন্যান্য আইনী ব্যয়কে বিবেচনায় নিয়ে একটি স্বতন্ত্র প্রতিস্থাপন ব্যয় নির্ধারণের একটি প্রক্রিয়া তৈরি করে।
৯	বাস্তবায়িত ব্যক্তিদের স্থানান্তর সহায়তা প্রদান	যদি জেলা প্রশাসক বিবেচনা করে যে কাঠামোটি সহজেই স্থানান্তরিত করা যায়, তবে তিনি স্থান পরিবর্তন করে ক্ষতিপূরণ দিতে পারবেন তবে আইনের আওতায় নগদ ক্ষতিপূরণ দিবেন না।	২০১৭ আইন, জমিও সম্পত্তির প্রত্যক্ষ ক্ষতির জন্য ক্ষতিপূরণ ব্যতীত বাস্তবায়িত ব্যক্তিদের অতিরিক্ত স্থানান্তর সহায়তা দেয়না। অতএব, আইন ২০১৭, এআইআইবিই এসএস ২ অনুসরণ করে না। আরপিএফ স্থানান্তর সহায়তায় বাস্তবায়িত ব্যক্তিদের স্থানান্তরের জন্য যোগ্যতা

			এবং এনটাইটেলমেন্ট নির্ধারণ করে, যার মধ্যে স্থানান্তর ভাতা, উদ্ধার উপকরণের অধিকার এবং ব্যবসায়িক ও কর্মসংস্থানের ক্ষতির জন্য অতিরিক্ত ক্রান্তিকালীন সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে।
১০	জমির আইনে মালিক ছাড়াও অবৈধ বাস্তুচ্যুত ব্যক্তির পুনর্বাসন সহায়তা এবং ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য	২০১৭, আইন-এ এই বিধান নেই	আইন ২০১৭, এআইআইবিই এসএস ২ এর প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এটি আইআইবিই সাথে জাতীয়আইন/নীতিতে একটি প্রধানপার্থক্য। আইন, ২০১৭ তে কেবল আইনী মালিকদের বিবেচনা করে এবং অবৈধ দখলদারদের উপেক্ষা করে। আরপিএফের উদ্দেশ্য হল, কাঠামোটি নির্ধারিত জমির আইনী অবস্থান নির্বিশেষে শারীরিকভাবে বাস্তুচ্যুত বা অর্থনৈতিকভাবে বাস্তুচ্যুত সকল বাস্তুচ্যুত ব্যক্তিদের ক্ষতিপূরণ ও সহায়তা প্রদান নিশ্চিত করে। আদমশুমারির জরিপের সমাপ্তি চূড়ান্ত তারিখ হিসাবে বিবেচিত হবে এবং চূড়ান্ত তারিখের আগে তালিকাভুক্ত বাস্তুচ্যুত ব্যক্তির সহায়তার জন্য যোগ্য হবেন।
১১	পরামর্শের জন্য পুনর্বাসন কর্মপরিকল্পনাটি একটি অ্যাক্সেসযোগ্য স্থানে ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং অন্যান্য অংশীদারদের জন্য বোঝার মতো একটি ভাষায় প্রকাশ করা	অধ্যাদেশ শুধুমাত্র একটি নির্দিষ্ট সম্পত্তি অধিগ্রহণের জন্য প্রাথমিক বিজ্ঞপ্তি নিশ্চিত করে	আইনের অধীনে আরপিএফ প্রকাশের কোন প্রয়োজনীয়তা নেই, যেখানে এআইআইবি-র ইএসএস ২ তে এটি প্রকাশের প্রয়োজন। প্রকল্পের প্রতিটি পুনর্বাসনের কর্মপরিকল্পনা এবং প্রয়োজনীয় যোগ্যতা, এনটাইটেলমেন্টের সাথে স্থানীয়ভাষায় (বাংলা) প্রকল্পের অবস্থান এবং সংশ্লিষ্ট সরকারী দপ্তরে বাস্তুচ্যুত ব্যক্তিদের কাছে প্রকাশ করা হবে এবং পুনর্বাসন পরিকল্পনা কার্যকরকারী সংস্থার ওয়েবসাইট এবং এআইআইবিই ওয়েবসাইটে প্রকাশিত হবে, যা এই আরপিএফ নিশ্চিত করে।

১২	উন্নয়ন প্রকল্প বা প্রোগ্রামের অংশ হিসাবে অনৈচ্ছিক পুনর্বাসন চালানো এবং পুনর্বাসনের পুরো ব্যয় প্রকল্পের ব্যয় এবং সুবিধায় অন্তর্ভুক্তকরণ।	আইন ২০১৭, এ জমি অধিগ্রহণ এবং সম্পদের ক্ষতিপূরণ সম্পর্কিত সমস্ত ব্যয়কে অন্তর্ভুক্ত করার বিধান রয়েছে। তবে এটি অন্যান্য সহায়তার সাথে সম্পর্কিত ব্যয় এবং অনৈচ্ছিক পুনর্বাসনের বিষয়টি বিবেচনা করে না।	আইন ২০১৭ আংশিকভাবে এআইআইবি ইএসএস ২ এর প্রয়োজনীয়তা পূরণ করে কারণ এটি কেবল ভূমি অধিগ্রহণ সংক্রান্ত ক্ষতিপূরণ নিয়ে কাজ করে। পুনর্বাসন কাঠামো আইনী এবং অবৈধ দখলদার উভয়ের যোগ্যতা নিশ্চিত করে পুনর্বাসন প্যাকেজের অংশ হিসেবে ক্ষতিপূরণ এবং বিভিন্ন ধরনের পুনর্বাসন সহায়তা দান করে।
১৩	শারীরিক বা অর্থনৈতিক বাস্তবায়িত হওয়ার আগে ক্ষতিপূরণ প্রদান	আইন ২০১৭, এর বিধান রয়েছে যে ক্লায়েন্ট দ্বারা অধিগ্রহণকৃত জমি দখলের আগে সমস্ত ক্ষতিপূরণ প্রদান করা হবে।	আইন ২০১৭, এআইআইবি ইএসএস ২ এর প্রয়োজনীয়তা পূরণ করে।
১৪	পুনর্বাসনের ফলাফলগুলো এবং বাস্তবায়িত ব্যক্তিদের জীবনযাত্রার মান ও তাদের প্রভাব পর্যালোচনা এবং মূল্যায়ন	আইন ২০১৭, এ এটি এত স্পষ্টভাবে সংজ্ঞায়িত হয়নি।	আইন ২০১৭, এআইআইবি ইএসএস ২ অনুসরণ করে না। আরপিএফ-এ, নির্বাহী সংস্থার মাধ্যমে একটি পর্যবেক্ষণ সিস্টেমের জন্য বিস্তারিত বিধান রয়েছে। নির্বাহী সংস্থা পুনর্বাসন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবে এবং বহিঃ পর্যবেক্ষণ বিশেষজ্ঞের দ্বারা অভ্যন্তরীণ পর্যবেক্ষণ যাচাই করা হবে।

অধ্যায় ৩ - জমি অধিগ্রহণ এবং পুনর্বাসন

৩.১ জমির ক্ষতি

জমির ক্ষতির জন্য নিম্নলিখিত উপায়ে ক্ষতিপূরণ গণনা করা হবে:

- কৃষিজমি, পুকুর ও বাগানের জন্য: বর্তমান বাজার মূল্য + ১০% নিবন্ধকরণ এবং অন্যান্য ব্যয় হিসাবে + এক বছরের ফসল, মাছ, ফল ইত্যাদির জন্য ১০%;
- আবাসন ও বাণিজ্যিক জমির জন্য: বর্তমান বাজার মূল্য +এটির ১০% নিবন্ধকরণ এবং অন্যান্য ব্যয় হিসাবে + জমি উন্নয়নের জন্য এর আরও ১০%;

প্রতিটি প্রকল্প জেলায়, জমির বর্তমান বাজার মূল্য নির্ধারণের জন্য এবং ক্ষতিগ্রস্ত জমির ফসল, মাছ, ফলমূল ও জমি উন্নয়নের জন্য সম্পত্তিমূল্য নির্ধারণ কমিটি গঠিত হবে।

৩.২ অবকাঠামোর ক্ষতি

অবকাঠামোর ক্ষতির জন্য ক্ষতিপূরণ নিম্নলিখিত উপায়ে গণনা করা হবে:

- গণপূর্ত বিভাগের (পিডব্লিউডি) হার অনুসারে কাঠামোর বর্তমান মূল্য;
- স্ট্রাকচার ট্রান্সফার গ্রান্ট (এসটিজি) হিসাবে অবকাঠামোর মানের ১২.৫%;
- স্ট্রাকচার পুনর্গঠন অনুদান (এসআরজি) হিসাবে অবকাঠামোর মূল্যের ১২.৫%;
- প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা (পিআইএ) দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে মালিকরা বিনা মূল্যে সমস্ত উদ্ধারযোগ্য উপকরণগুলো সরিয়ে নেওয়ার অনুমতি পাবে।

অবকাঠামোর ক্ষতি, স্থানচ্যুতি এবং নগদ ক্ষতিপূরণে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। কারণ প্রকল্পটি বাস্তবায়নের কারণে ব্যবসায় এবং বাড়ি কাঠামোর ক্ষয়ক্ষতি নিয়ে কাজ করে। প্রকৃতপক্ষে, এটি সমস্ত প্রকল্পে বাস্তবায়িত ব্যক্তিদের মধ্যে অন্যতম/মূল অংশ।

৩.৩ ফসল ও গাছের ক্ষতি

ফসল ও গাছের ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ নিম্নলিখিত উপায়ে গণনা করা হবে:

- সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত গাছের বর্তমান বাজার মূল্য;
- ফলের ক্ষতিপূরণ সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত হবে;
- প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা (পিআইএ) কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মালিকরা বিনা মূল্যে উদ্ধারযোগ্য উপকরণ গ্রহণের অনুমতি পাবেন।

৩.৪ কমিউনিটি অবকাঠামো এবং সাংস্কৃতিক সম্পদ সমূহ

ক্ষতিগ্রস্ত কমিউনিটি সম্পত্তি হল বেশিরভাগ মাদ্রাসার সাথে সংযুক্ত মসজিদ। উল্লেখ্য যে, গাছসহ সমস্ত ক্ষতিগ্রস্ত সম্পত্তি, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বিনা মূল্যে সমস্ত উদ্ধার যোগ্য উপকরণগুলো সরিয়ে নেওয়ার অনুমতি দেওয়া হবে। ক্ষতিপূরণের হার সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি, প্রাসঙ্গিক সরকারী বিভাগ গুলোর সহায়তায় নির্ধারণ করবে।

৩.৫ জেডার প্রভাব

দেশের আর্থ-সামাজিক পরিস্থিতি বিবেচনা করে, সমস্তু মহিলা প্রকল্প বাস্তবায়িত ব্যক্তি দুর্বল হিসাবে বিবেচিত হবে। তদনুসারে, বাস্তবায়িত মহিলা ব্যক্তিদের বর্তমান অবস্থা এবং প্রয়োজনীয়তা এবং সম্ভাব্য প্রকল্পের প্রভাবে, প্রভাব ও প্রশমন ব্যবস্থা গ্রহণের জন্য মহিলাদের সাথে আলোচনা ও পরামর্শ করা হবে।

৩.৬ পুনর্বাসন পরামর্শ

পরামর্শের অন্তর্ভুক্ত বিষয়গুলো হল প্রকল্পের নকশা, প্রশমন ও নিরীক্ষণ ব্যবস্থা, প্রকল্প-সুনির্দিষ্ট ভিত্তিতে উন্নয়ন সুবিধা এবং সুযোগগুলো ভাগ এবং বাস্তবায়ন করা। এর আগে অনেক প্রকল্পে পরামর্শ/ফোকাস গ্রুপ ডিসকাশনস (এফজিডি) কেবল সামাজিক মূল্যায়নের নয়, বরং প্রতিকূল প্রভাব গুলো হ্রাস, নকশার উন্নতি এবং প্রভাব নির্ধারণের সুবিধার্থে পরামর্শ সহায়তা করেছে। প্রকল্পটির ফলে বাস্তবায়িত ব্যক্তি এবং অত্র এলাকার ব্যক্তিসমূহের রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি মূল্যায়নের জন্য এই মিটিং করা প্রয়োজন। উল্লেখ্য যে পুনর্বাসন কর্মপরিকল্পনার (আরএপি) জন্য আরও বিশদ এফজিডি এবং পরামর্শ প্রয়োজন।

৩.৭ আয় এবং জীবন ধারার উপর প্রভাব

ব্যবসায়িক ক্ষতিতে, ব্যবসায় থেকে ছয় মাসের নিট আয়ের সমপরিমাণ নগদ ক্ষতিপূরণ হিসাবে প্রদান করা হবে যেখানে সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা প্রতি মাসে নিট আয় নির্ধারণ করা হবে। ভাড়া দেওয়া কাঠামো থেকে আয়ের ক্ষতি সম্পর্কে, মালিকদের সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত ছয় মাসের ভাড়া সমপরিমাণ দেওয়া হবে। আসন্ন প্রকল্প থেকে বিরূপ প্রভাব মোকাবেলায় ব্যবসায় উদ্যোগের প্রতিটি কর্মচারীকে সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত ক্ষতিপূরণ দেওয়া হবে। প্রতিটি পরিবারের সুবিধার জন্য নগদ ক্ষতিপূরণের পরিমাণ সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত হবে।

অধ্যায় ৪ - মালিকানার কাঠামো

৪.১ সামগ্রিক নীতি

প্রকল্পটির পুনর্বাসনের নীতিটির আওতা হল (ক) সকল বাস্তুচ্যুত ব্যক্তি (খ) ক্ষতিগ্রস্ত সম্পদের ক্ষতিপূরণ এবং (গ) সকল শ্রেণির বাস্তুচ্যুত ব্যক্তিদের জীবন-জীবিকা পুনরুদ্ধার বা বাড়ানো। প্রকল্পের হস্তক্ষেপে বাস্তুচ্যুত পরিবার/ব্যক্তি জমি ও অন্যান্য সম্পদের জন্য বাজার মূল্য অনুযায়ী নগদ ক্ষতিপূরণ পাবেন। প্রকল্পের নির্মাণকালীন সময়ে বিঘ্নতা হ্রাস নিশ্চিত করতে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। সুতরাং, যেসব পরিবার শারীরিকভাবে এবং অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হবে তাদের নিম্নলিখিত ক্ষতিপূরণ, স্থানান্তর সহায়তা এবং ভাতা নীচের নির্দেশিকাগুলো অনুসারে পাবেন:

- ভূমি অধিগ্রহণ, এবং অন্যান্য অনৈচ্ছিক পুনর্বাসন প্রভাব প্রশমনে কার্যকর বিকল্প নকশা প্রণয়ন বা এড়ানো বা হ্রাস করা যাবে;
- অনিবার্য কারণে যেখানে বিকল্প বা এড়ানো সম্ভব নয় সেখানে, একটি সময়সীমাবদ্ধ আরএপি প্রস্তুত করা হবে এবং বাস্তুচ্যুত ব্যক্তিকে কমপক্ষে তাদের প্রাক-প্রকল্পের সমান জীবনযাত্রার মান উন্নত করতে বা পুনরুদ্ধারে সহায়তা করা হবে;
- জমি এবং অন্যান্য সম্পদের প্রতিস্থাপন ব্যয় বর্তমান বাজার দরে প্রদান করা হবে এবং আইনী ব্যয় কোন শর্ত ছাড়াই প্রতিস্থাপন ব্যয়ে অন্তর্ভুক্ত করা হবে;
- ক্ষতিপূরণ, বাস্তুচ্যুত ব্যক্তিদের পুনর্বাসনের তথ্য প্রকাশ এবং প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নে বাস্তুচ্যুত ব্যক্তিদের অংশ গ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে তাদের সাথে পরামর্শ করে নিশ্চিত করা হবে;
- ক্ষতিগ্রস্ত ও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত বাস্তুচ্যুত ব্যক্তিদের বিশেষ সহায়তা প্রদান করা হবে;
- অবৈধ বাস্তুচ্যুত ব্যক্তি (যেমন: অনানুষ্ঠানিক বাসিন্দা বা স্কোয়াটার) জমির ক্ষতিপূরণের পরিবর্তে একটি জীবিকাভাতা পাবেন এবং জমি ব্যতীত অন্য লোকসানের সম্পূর্ণ ক্ষতিপূরণ পাবেন;
- আয় পুনরুদ্ধার এবং পুনর্বাসন ব্যবস্থা করা হবে;
- বাস্তুচ্যুত ব্যক্তিদের স্থানীয় ভাষা বাংলায় তা প্রকাশ করা হবে;
- ঠিকাদারের জমিটি শারীরিকভাবে দখল নেওয়ার এবং নির্দিষ্ট প্যাকেজে কোনও নির্মাণ কার্যক্রম শুরু করার আগে ক্ষতিপূরণ প্রদান, পুনর্বাসন সহায়তা এবং পুনর্বাসন ব্যবস্থা পুরোপুরি নিশ্চিত করা হবে;
- অভিযোগ দেখা দিলে সমাধানের জন্য উপযুক্ত অভিযোগ নিরোসন ব্যবস্থা করা।

৪.২ ক্ষতিপূরণ এবং অন্যান্য সহায়তার জন্য যোগ্যতা

ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী বাস্তুচ্যুত ব্যক্তির তাদের জমি (আইনী মালিক বা অবৈধ দখলদার), কাঠামো, ফসল, গাছ এবং জমি, ব্যবসায়, আয়, কর্মসংস্থান ইত্যাদির সাথে জড়িত অন্যান্য জিনিসপত্রে ক্ষতিপূরণ ও সহায়তা পাবে। তবে ক্ষতিপূরণ যোগ্যতা সীমিত থাকবে চূড়ান্ত তারিখ দ্বারা। বিস্তারিত নকশার সময় অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জায়গার মধ্যে চিহ্নিত ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ ও সহায়তার চূড়ান্ত তারিখ বিবেচনা করা হয়। এই প্রক্রিয়া চলাকালীন প্রকল্প প্রস্তাবিত জায়গার মধ্যে চিহ্নিত যে কোনও পরিবার বা ব্যক্তি প্রকল্প থেকে ক্ষতিপূরণ এবং সহায়তার জন্য উপযুক্ত হবে। চূড়ান্ত তারিখের পরে ক্ষতিগ্রস্ত এরিয়ায় উপস্থিত হওয়া বাস্তুচ্যুত ব্যক্তির ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হবেনা। তবে, প্রকল্পের বাস্তবায়নের আগে তাদের প্রস্তাবিত জায়গা খালি করা এবং অবকাঠামোগুলো ভেঙে দেওয়ার জন্য অনুরোধ করে পর্যাপ্ত অগ্রিম বিজ্ঞপ্তি দেওয়া হবে। তবে, বাস্তবায়ন পর্যায়ে, যদি নকশায় কোন পরিবর্তন দেখা যায়, তবে বিশদ জরিপ এবং বাস্তুচ্যুত ব্যক্তিগণ গণনার মাধ্যমে বাস্তুচ্যুত পরিবারের তালিকা আপডেট করা হবে।

সরকারী আইন এবং এআইআইবি উভয় নীতিমালা (ইএসএফ) এর সাথে সামঞ্জস্য রেখে যোগ্যতা এবং মালিকানার কাঠামো মঞ্জুর করে আরএপি কার্যকর করা হবে। আইন ২০১৭ এর আওতায় জমি এবং অন্যান্য সম্পদের ক্ষতিপূরণের বিধান এবং এআইআইবির নীতি অনুসরণ করে প্রতিস্থাপন ব্যয় এবং অন্যান্য সহায়তা এবং ভাতা অন্তর্ভুক্ত করা হবে। উল্লেখ্য, সমস্ত প্রকারের ক্ষতিপূরণ এবং অনুদান সরকারী কর থেকে মুক্ত হবে।

৪.৩ ক্ষতিপূরণ ইউনিট হার নির্ধারণ নীতিমালা

সম্পদের প্রতিস্থাপনের জন্য যথেষ্ট ক্ষতিপূরণ দেওয়ার পদ্ধতি, এবং সাথে সম্পর্কিত প্রয়োজনীয় লেনদেনের ব্যয়ও নিশ্চিত করা দরকার। মূল্যায়ন পদ্ধতি, আইন ২০১৭ অনুযায়ী জমি এবং অন্যান্য সম্পদের ক্ষতিপূরণের বিধান এবং এআইআইবির নীতি অনুসরণ করে প্রতিস্থাপন ব্যয়, অন্যান্য সহায়তা এবং ভাতা নির্ধারিত হবে। যে কোন শারীরিক স্থানচ্যুতির ক্ষেত্রে প্রতিস্থাপন ব্যয় যথেষ্ট হতে হবে যেন কমপক্ষে নূন্যতম জীবন মান গ্রহণের আবাসন ক্রয় বা নির্মাণে সক্ষম হয়। প্রতিস্থাপন ব্যয় নির্ধারণের জন্য, মূল্যায়ন পদ্ধতিটি নথিভুক্ত করে পুনর্বাসনের পরিকল্পনার দলিল গুলোতে অন্তর্ভুক্ত করা উচিত। লেনদেনের ব্যয়গুলোর মধ্যে রয়েছে প্রশাসনিক চার্জ, নিবন্ধকরণ বা রেজিস্ট্রেশন ফি, যুক্তিসঙ্গত স্থানান্তর ব্যয় এবং অন্যান্য ব্যয়। প্রতিস্থাপন ব্যয়ে ক্ষতিপূরণ নিশ্চিত করার জন্য, পরিকল্পিত ক্ষতিপূরণ হার ক্ষেত্রবিশেষে আপডেটের প্রয়োজন হতে পারে যেখানে মুদ্রাস্ফীতি বেশি বা ক্ষতিপূরণ হার গণনা এবং ক্ষতিপূরণ বিতরণের সময়কালের মধ্যে ব্যাপক ফারাক রয়েছে।

৪.৪ পরামর্শ ও তথ্য প্রচার

পরামর্শ ও অংশগ্রহণ একটি প্রক্রিয়া যার মাধ্যমে অংশীদারগণ তাদের উপর প্রকল্প প্রভাব, উন্নয়ন উদ্যোগ, প্রভাব নিয়ন্ত্রণ এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। এটি মূলত অংশীদারদের মধ্যে যারা সরাসরি প্রভাবিত (ইতিবাচক বা প্রতিকূল), প্রকল্পের পরামর্শদাতা, নাগরিক সমাজ এবং বৈদেশিক দাতা সংস্থা সমূহের মধ্যে একটি সক্রিয় এবং চলমান প্রক্রিয়া। যা ক্ষতিগ্রস্ত জনগণের প্রাথমিক ও সঠিক তথ্য প্রচারে প্রতিকূলতা হ্রাস ও ভুলধারণা দূর করে এবং প্রকল্প কর্তৃপক্ষের কাছে ক্ষতিগ্রস্ত জনগণের আস্থা তৈরি করে। এই অবিচ্ছিন্ন প্রক্রিয়ায় প্রকল্প চক্রের সমস্ত পর্যায়ে তথ্য প্রচার এবং পরামর্শ সম্বলিত হয়, এবং যার মাধ্যমে লোকাল জনগণ সম্ভাব্য ক্রিয়াকলাপ সম্পর্কে শিখতে পারে এবং প্রকল্প দলটি লোকাল জনগণের গতিশীলতা সম্পর্কে অবগত হবে। কোন প্রকল্পে তথ্য প্রচার এবং অংশীদারদের পরামর্শ প্রকল্প প্রস্তুতির প্রাথমিক পর্যায়ে প্রাথমিক সামাজিক মূল্যায়ন কার্যক্রমের সাথে শুরু হয় এবং প্রকল্প প্রস্তুতির কার্যক্রম হিসাবে অব্যাহত থাকে। ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিয়মিতভাবে প্রকল্পের তথ্য পুনর্বাসন কর্মপরিকল্পনা প্রস্তুতি এবং বাস্তবায়ন পর্যায়ে এবং তার আগে পুনর্বাসন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য সরবরাহ করা হয়।

অধ্যায় ৫ মালিকানাধীন সূচক এবং প্রশমন ব্যবস্থা

৫.১ মালিকানাধীন সহায়তা এবং উপকার

এই পুনর্বাসন পরিকল্পনা কাঠামোর (আরপিএফ) প্রাথমিক লক্ষ্য হল প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ততা (তৈরি হওয়ার সম্ভাবনা) রোধ করার জন্য প্রকল্প ক্ষতিগ্রস্ত সম্পত্তি (সাধারণ সম্পত্তিসহ) এবং বাস্তবায়িত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করা এবং যতটা সম্ভব তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করতে বা কমপক্ষে তাদের প্রাক-স্থানচ্যুত পর্যায়ে পুনর্বাসন করতে সহায়তা করা।

প্রকল্পে সড়ক প্রশস্তকরণের জন্য কিছু জমি ব্যক্তিগত মালিকদের কাছ থেকে অধিগ্রহণের প্রয়োজন হবে। তদুপরি, কিছু অবকাঠামো প্রকল্পের রাস্তার বিভিন্ন অংশে প্রস্তাবিত রাইট অফ ওয়ে এর মধ্যে অবস্থিত এবং এগুলো জমিসহ বাস্তবায়িত হবে। এছাড়া, প্রক্রিয়াটিতে বাস্তবায়িত পরিবারের সদস্যরাও ক্ষতিগ্রস্ত হবেন। পূর্বোক্ত হিসাবে প্রস্তাবিত বেসরকারী সম্পত্তি ছাড়াও, সাধারণ/কমিউনিটি সম্পত্তি যেমন মসজিদ, কবরস্থান এবং স্কুলও প্রকল্পটি বাস্তবায়নে প্রভাবিত হবে। ক্ষতিগ্রস্ত সম্পত্তিগুলোর ব্যক্তিগত মালিকানাধীন এবং সাধারণ সম্পত্তিগুলো আরএপি এর আওতায় আসে। তবে প্রকল্পটি বাস্তবায়নের সময় উৎপন্ন নেতিবাচক সামাজিক প্রভাব প্রশমিতকরণ ব্যবস্থার পরামর্শ দেওয়ার জন্য আরএপি তৈরি করা হয়েছে।

এআইআইবির নীতিমালা মেনে, প্রস্তাবিত বিস্তৃত মালিকানাধীন নিম্নলিখিত ম্যাট্রিক্সে দেওয়া হয়:

ক্ষতির ধরণ	মালিক ব্যক্তি	মালিকানাধীন সূচক
১। সকল প্রকারের জমি	জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত আইনী মালিক	<ul style="list-style-type: none"> কৃষিজমি, পুকুর ও বাগানের জন্য: বর্তমান বাজার মূল্য + ১০% নিবন্ধকরণ এবং অন্যান্য ব্যয় হিসাবে + এক বছরের ফসল, মাছ, ফল ইত্যাদির জন্য ১০%; আবাসন ও বাণিজ্যিক জমির জন্য: বর্তমান বাজার মূল্য + এটির ১০% নিবন্ধকরণ এবং অন্যান্য ব্যয় হিসাবে + জমি উন্নয়নের জন্য এর আরও ১০%; প্রতিটি প্রকল্প জেলায়, জমির বর্তমান বাজার মূল্য নির্ধারণের জন্য এবং ক্ষতিগ্রস্ত জমির ফসল, মাছ, ফলমূল ও জমি উন্নয়নের জন্য সম্পত্তিমূল্য নির্ধারণ কমিটি গঠিত হবে
২। সব ধরণের অবকাঠামো	আইনী মালিক	<ul style="list-style-type: none"> গণপূর্ত বিভাগের (পিডব্লিউডি) হার অনুসারে কাঠামোর বর্তমান মূল্য; স্ট্রাকচার ট্রান্সফারথ্যান্ট (এসটিজি) হিসাবে অবকাঠামোর মানের ১২.৫%; স্ট্রাকচার পুনর্গঠন অনুদান (এসআরজি) হিসাবে অবকাঠামোর মূল্যের ১২.৫%; প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা (পিআইএ) দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে মালিকরা

		বিনা মূল্যে সমস্ত উদ্ধারযোগ্য উপকরণগুলো সরিয়ে নেওয়ার অনুমতি পাবে।
৩। সব ধরনের গাছ	আইনী মালিক	<ul style="list-style-type: none"> ■ সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত গাছের বর্তমান বাজার মূল্য; ■ ফলের ক্ষতিপূরণ সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত হবে; ■ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা (পিআইএ) কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মালিকরা বিনা মূল্যে উদ্ধারযোগ্য উপকরণ গ্রহণের অনুমতি পাবেন।
৪। ব্যবসায় থেকে আয়ের ক্ষতি	আইনী মালিক এবং মালিকানাসত্ত্ব বিহীন ব্যক্তি	ব্যবসায় থেকে ছয় মাসের সমপরিমাণ নগদ ক্ষতিপূরণ এবং প্রতি মাসে নিকট আয় সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত হবে।
৫। ভাড়া দেওয়া অবকাঠামো থেকে আয়ের ক্ষতি	আইনী মালিক এবং মালিকানাসত্ত্ব বিহীন ব্যক্তি	মালিকদের ছয় মাসের ভাড়ার পরিমাণ ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হবে।
৬। ব্যবসায়ের কর্মচারী	আইনী মালিক এবং মালিকানাসত্ত্ব বিহীন ব্যক্তি	ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিটি কর্মীকে ১৮,০০০ টাকা: ৬,০০০ X ৩ মাসের জন্য দেওয়া হবে।
৭। গৃহস্থালী সুবিধা	আইনী মালিক	প্রতিটি ভিন্ন ধরনের সুবিধার জন্য নগদ ক্ষতিপূরণের পরিমাণ সম্পত্তি মূল্য নির্ধারণ কমিটি দ্বারা নির্ধারিত হবে।
